সিলেটে বার্তা বাজার ডটকম এর প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

চেম্বার ডেস্ক::

দেশের প্রথম নিবন্ধিত জাতীয় অনলাইন নিউজ পোর্টাল
“বার্তা বাজার ডটকম ” ৯ম বর্ষে পদার্পণ উপলক্ষে সিলেটে প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে।

১৩ আগস্ট,শুক্রবার,সন্ধ্যা ৭টায় সিলেট অনলাইন প্রেসক্লাব মিলনায়তনে প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।

সিলেট অনলাইন প্রেসক্লাবের সহ-সভাপতি,দৈনিক আলোকিত সিলেট-এর নির্বাহী সম্পাদক, সিলেটের সিনিয়র সাংবাদিক গোলজার আহমেদ হেলাল এর সভাপতিত্বে ও বার্তা বাজার ডটকম এর সিলেট করেসপন্ডেন্ট সাংবাদিক সাইফুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিলেট মহানগর আওয়ামী লীগের সভাপতি,বীর মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমেদ।

বীর মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমেদ তাঁর বক্তব্যে বলেন, বার্তা বাজার ডটকম বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশে ইতোমধ্যে সিলেটে ব্যাপক পরিচিত হয়ে উঠছে। আমি আশা করি,বার্তা বাজার দেশের প্রথম সারির গণমাধ্যমে পরিণত হবে।ডিজিটাল যুগে মানুষ এখন অনলাইন গণমাধ্যমে অভ্যস্হ হয়ে পড়েছে। যে কারণে অনলাইন গণমাধ্যম দিন দিন জনপ্রিয় হয়ে উঠছে।
৯বছরে গ্রহণযোগ্যতার দিক দিয়ে অনেক এগিয়ে গেছে বার্তা বাজার।স্বচ্ছ রিপোর্ট,সঠিক বাস্তবতায় এই পত্রিকায় সবাই কাজ করছেন।

সিলেটেও বার্তা বাজারের চর্চা অনেকটা বেড়েই চলেছে।বার্তা বাজারের কাছে আমার প্রত্যাশা,কোন ভুল তথ্য যেন বার্তা বাজারে প্রকাশ না করা হয়। বার্তা বাজারের সাথে আছি,বার্তা বাজারের উত্তরোত্তর সফলতা কামনা করছি।

এসময় উপস্থিত ছিলেন সিলেট বাংলা নিউজ২৪ডটকম এর সম্পাদক ও প্রকাশক আব্দুল হাসিব,সুরমা ভিউ-এর সিনিয়র রিপোর্টার আবু জাবের,জাগো সিলেট-এর নিজস্ব প্রতিবেদক কামরুল ইসলাম মাহি,সিলেট জেলা ছাত্র

মৈত্রী’র সভাপতি ছাত্রনেতা মাসুদ রানা চৌধুরী,আলোকিত গোয়াইনঘাট এর সম্পাদক আমির উদ্দিন,নগর নিউজ-এর নিজস্ব প্রতিবেদক রাশেদুল করিম মান্না,ছাত্রনেতা ইকবাল হোসাইন, মো.জুলমান আহমেদ,মো.মুমিন আহমেদ প্রমুখ।

প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বক্তারা বার্তা বাজার ডটকম এর উত্তরোত্তর সফলতা কামনা করেন।